গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Ref: Nitor/Hosp/Admin/Outsourcing/2019-20/4050; Date: 28/08/2019

দরপত্র সিডিউল (২০১৯-২০২০)

প্যাকেজ নং-০৬ আউট সোর্সিং

কোম্পানী/ফার্ম/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

দরপত্র দাতার পূর্ন নাম ঃ

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ ঃ

টেলিফোন/মোবাইল নম্বর /e-mail ঃ

কোম্পানী/ফার্ম/প্রতিষ্ঠানের সীল (ঠিকানা সম্বলিত)ঃ

Government of People's Republic of Bangladesh
National Institute of Traumatology and Orthopaedic Rehabilitation (NITOR)
Ministry of Health and Family Welfare
Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh.

Ref: Nitor/Hosp/Admin/outsourcing/2019-20/ 4050 Date 28.08.2019

Invitation for Tender

1. Ministry Division – Ministry of health and Family Welfare.
2. Agency – Director General Health Service
3. Procuring Entity – Director and Professor National Institute of Traumatology and Orthopaedic Rehabilitation (NITOR)
4. Procuring Entity Code : outsourcing/Manpower Recruit/2019-20/package no. 06
5. Procuring Entity District - Dhaka-~~2017~~ 1207
6. Invitation for – Selection of Manpower Supplying firm/Company
7. Invitation Ref. No. and code : 4050
   A) **Key information -**
8. Procurement method –Open Tender Method (OTM)
   B) **Funding Information-**
9. Budget and Source of Fund: Revenue(GOB)/Development Budget Fund
   C) **Particular Information**
10. Tender package name : Supply manpower through out sourcing
11. Tender package no. : 06
12. Tender publication date: 29.08.2019
13. Tender schedule last distribution date and time : 21-09-2019 at 2.00 PM
14. Tender closing date and time : 22-09-2019 at 12.00 PM
15. Tender opening date and time : 22-09-2019 at 1.00 PM
16. Name and address of the office : NITOR, Dhaka

a) Purchase of tender document from NITOR website (www.nitorbd.com) only.
b) Schedule purchase money deposited in from of treasure chalan from under code no. 0-1-2711-0000.
c) Price of Tender Document – 5000/- (five thousand) only (non refundable)
d) Submission of Tender : i) Administration Officer Room, (Room no. 203, old building), NITOR, Dhaka
   ii) Deputy Superintendent of Police (Tejgaon), Dhaka Metropolitan Police, 22 Khilji Road, Mohammadpur, Dhaka.
e) Opening of tender documents : Conference Room-2 (2nd floor old building).

17. Eligibility for Tender :
   (i) The consulting firm shall have at least 05(five) years full time practical experience in Manpower Supply to any Government Organization/semi-Government/Autonomous body from the date of publication of IFT.
   (ii) The firm should be the experience for satisfactory completion/running contract of minimum 300(three hundred) person/employee at least 02(two) contracts over a period of last three years in any Government/semi-Government/Autonomous Organization.
   (iii) The firm must submitted following documents :
      a) Updated Trade Licence
      b) Security Exchange Registration Certificate
      c) Audit report for last three years
      d) Updated income TAX certificate (2018-19) and VAT registration certificate
      e) DIFE certificate
      f) Bank solvency certificate
      g) Chalan of schedule purchase money with online verification copy
      h) Satisfactory completion certificate/running contract for experience according to 17(ii)
      i) Other terms and condition as mention in TDS and TOR
18. **Brief Description of Service :**
   Supply of manpower for the position of – (a) Ward boy (b) Darwan (c) Cleaner (d) Aya (e) Cook (f) Moshalchi (Asst. cook) (g) Laundry operator (h) Washer man (i) Gardner (j) Carpenter (k) Dark room asst. (l) Lift operator (m) Welder Turner (n) Socks Maker (o) Bottle washer
19. Description of package :

Package no	Identification of package	Location working place	Tender security money	Completion of time
06	Out sourcing manpower – (a) Ward boy-29, (b) Darwan-18, (c) Cleaner -35, (d) Aya-04, (e) Cook -03, (f) Moshalchi (Asst. cook)-02, (g) Laundry operator-02, (h) Washer man-01, (i) Gardner-1 (j) Carpenter-01,- (k) Dark room asst. -1, (l) Lift operator-1, (m) Welder Turner-1, (n) Socks Maker-1, (o) Bottle washer-1	NITOR, Sher-e-Bangla Nagar, Dhaka-1207	8,00,000/- (Eight lac) only	Direction of hospital authority

20. Tender security money should be deposited in favour of Director, NITOR, Dhaka by Pay-order/Bank Draft
21. Name of the office: Name of the office: National Institute of Traumatology and Orthopaedic Rehabilitation (NITOR), Dhaka.
   Telephone : 55058902, e-mail: nitor72@yahoo.com, Fax: 55058903

28.8.19

Prof. Md. Abdul Gani Mollah
Director and Professor
NITOR, Dhaka

Supplier Information Entry Sheet

(প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা'র কার্যালয়ের নির্দেশানুযায়ী এই ফরম টি দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক অবশ্যই পুরন করিতে হইবে)।

Suppliers TIN Number :

TIN :/e Tin

National ID :

Trade License No:

Security Exchange Reg. Certificate :

VAT Regisistration No:

Name of the supplier

(English):

(Bangla):

Address:

Email:

Telephone:

Cell Phone:

Fax No:

Banking Information

Bank Account Name:

Bank Account Number:

Bank Account Type:

Bank Name:

Branch Name:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২০১৯-২০২০ ইং অর্থ বছরে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের দরপত্র সিডিউল ঃ

প্যাকেজ নং-০৬ আউট সোর্সিং

	বিষয়	পৃষ্ঠা নম্বর
অধ্যায়-১	সাধারণ নির্দেশাবলী	১-২
অধ্যায়-২	দরদাতার যোগ্যতা	৩-৪
অধ্যায়-৩	আউটসোর্সিং কর্মীদের সংখ্যা, যোগ্যতা, কাজের বিভাজন/কাজের পরিধি, ব্যক্তিগত বিবরণী, প্রশিক্ষণ ও বেতনভাতাদি সংক্রান্ত	৫
অধ্যায়-৪	সিকিউরিটি গার্ড ও ক্লিনারের দায়িত্ব ও কর্তব্য	৬
অধ্যায়-৫	বিশেষ শর্তাবলী	৭-৮
অধ্যায়-৬	দরদাতার উদ্ধৃত দর	৯
অধ্যায়-৭	দরপত্র জামানত (আর্নেষ্টমানি) সংক্রান্ত	১০
অধ্যায়-৮	Declaration on observance of ethics	১১
অধ্যায়-৯	দরপত্র দাতার সম্মতি পত্র	১২
অধ্যায়-১০	দরপত্র মূল্যায়ন সংক্রান্ত	১৩
অধ্যায়-১১	চুক্তিপত্রের নমুনা	১৪-১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১

পরিচালক ও অধ্যাপকের কার্যালয়

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২০১৯-২০২০ ইং অর্থ বছরে প্যাকেজ নং-০৬ আউট সোর্সিং

অধ্যায়-১

দরপত্রের সাধারণ নির্দেশাবলী ঃ

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, (নিটোর) ঢাকা কর্তৃপক্ষ কর্তৃক আউট সোর্সিং কাজের জন্য জনবল সরবরাহ কার্যক্রমের আওতায় ঠিকাদার নিয়োগের নিমিত্তে এই দরপত্রটি আহবান করা হচ্ছে। কর্তৃপক্ষ ইচ্ছা করলে এই দরপত্রের কার্যাদেশের মেয়াদ পরবর্তী ঠিকাদার নিযুক্তি না হওয়া পর্যন্ত বর্ধিত করতে পারবে।

দরপত্রটির জন্য নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলী সকল দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের উপর বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হবে।

১। **দরপত্র প্রস্তুত করণ ঃ**

দরপত্র দাতা তার দরপত্র প্রস্তুতকালে যে খরচ হবে তা তিনি নিজেই বহন করবেন এবং দরপত্রের ফলাফল যাই হোক না কেন, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), হাসপাতাল কর্তৃপক্ষকে খরচের জন্য দায়ী করা যাবে না।

২। **দরপত্র জামানত (আর্নেষ্টমানি) সংক্রান্ত ঃ**

দরপত্রের সাথে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), বরাবরে দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত অংকের টাকা দরপত্র জামানত(আর্নেষ্টমানি) হিসাবে জমা দিতে হবে।

৩। **দরপত্রের সংশোধনী সংক্রান্ত ঃ**

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), ঢাকা হাসপাতাল কর্তৃপক্ষ নিজ প্রয়োজনে অথবা কোন দরদাতার অনুসন্ধানের জবাবে দরপত্র তফসিলে সংশোধনী জারী করতে পারবে। জারীকৃত যে কোন সংশোধনী সকল দরদাতাকে লিখিতভাবে অবহিত করা হবে এবং এই সংশোধীনী গ্রহণ তাদের উপর বাধ্যতামূলক হবে।

৪। দরপত্র দাখিল সংক্রান্ত ঃ

(ক) দরদাতা নিজ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে অগ্রায়ণ (Forwarding) পত্রের মাধ্যমে দরপত্র দাখিল করিতে হইবে।

(খ) **দরপত্রদাতা অবশ্যই অধ্যায়- ৬ এ উল্লেখিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে দরপ্রস্তাব দাখিল করবেন।**

(গ) একটি আইটেমের জন্য একটির বেশী দর দাখিল করা যাবে না।

(ঘ) দরপত্র প্রস্তাবের সাথে অত্র দরপত্র তফসিলের অধ্যায়-২ এ চাহিত আবশ্যকীয় কাগজপত্রাদি যথাযথভাবে সীলগালাকৃত খামে জমা দিতে হবে। যদি কোন প্রস্তাবে উক্ত কাগজপত্রাদি সংযুক্ত না থাকে তবে প্রস্তাবটি অগ্রহনযোগ্য (Non-responsive) বলে বিবেচিত হবে।

(ঙ) খামের উপর দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং প্রস্তাবিত আউটসোর্সিং স্পষ্টাক্ষরে উল্লেখ থাকতে হবে।

(চ) দরপত্রের উদ্ধৃত একক দর অংকে ও কথায় সুস্পষ্ট ভাবে লিখতে হবে। দর বাংলাদেশী টাকায় উল্লেখ করতে হবে। অন্য কোন কারেন্সিতে দর উল্লেখ থাকলে দরপত্রটি অগ্রহনযোগ্য বলে গণ্য করা হবে। **উদ্বৃত দরপত্রে/দাখিলকৃত দরের সহিত সকল প্রকার শুল্ক, ভ্যাট, আয়কর, অন্যান্য সকল প্রকার ট্যাক্স, পরিবহন ব্যয় ইত্যাদি যাবতীয় খরচ অন্তর্ভুর্ক্ত থাকতে হবে এবং তা চুড়ান্ত বলে গণ্য হবে।** দরে কোন ঘষামাজা , কাটাকাটি বা ওভার রাইটিং থাকলে তা গ্রহণযোগ্য নয়। তবে কোন ভূল শুদ্ধি করণ থাকলে তার পার্শ্বে দরপত্রদাতাকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে অনুস্বাক্ষর করতে হবে। যদি একক মূল্য হিসাবে মোট মূল্যে কোন পার্থক্য পাওয়া যায় তা হলে একক মূল্যকে সঠিক বলে বিবেচিত করা হবে।

৫। ব্যয় বিভাজন সংক্রান্ত ঃ

ঠিকাদার দরপত্র তফসিলের অধ্যায় ৬ (ছয়)-এ উল্লেখিত আইটেম ভিত্তিক একক দর উল্লেখ করবেন। উক্ত দর প্রস্তাবের মধ্যে সকল ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

৬। দরপত্র দাখিলের শেষ সময় সংক্রান্ত ঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দরপত্র দাখিলের শেষ সময় ও তারিখের মধ্যে দরপত্র দাখিল করতে হবে ।

৭। দরপত্র দেরীতে দাখিল সংক্রান্ত ঃ

দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত (বা জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃক পরবর্তীতে সংশোধিত, যদি হয়) দরপত্র দাখিলের নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে দাখিলকৃত দরপত্র গ্রহন করা হবে না। নির্ধারিত তারিখের পরে দাখিলকৃত প্রাপ্ত দরপত্র না খুলেই দরপত্রদাতাকে ফেরত দেয়া হবে।

চলমান পাতা-২

৮। **দরপত্র খোলার সময় সংক্রান্তঃ**
দরপত্র বিজ্ঞপ্তি-তে উল্লেখিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত সকল দরপত্র খাম খোলা হবে।

৯। দরপত্র প্রস্তাব কাটাকাটি করা, ঘষামাজা, পেন্সিল দিয়ে লেখা, অস্পষ্টকরণ ওভার রাইটিং ইত্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ। পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন বা সংশোধনের প্রয়োজন হলে তা একটি লাইন টেনে কেটে নতুন করে সুস্পষ্টভাবে লিখে সীল স্বাক্ষর করতে হবে।

১০। টাইপকরা/হাতে লেখা মুখবন্ধ (সীলগালা) খামের মাধ্যমে দরপত্র দাখিল করতে হবে।

১১। দরপত্র সিডিউলে প্রতি পাতায় দরদাতা কর্তৃক দরপত্রের শর্তাবলী গ্রহনযোগ্যতার নিশ্চয়তা সূচক সীলমোহর সহ স্বাক্ষর করতে হবে।

১২। দরপত্র প্রস্তাবের প্রথমে পূরণকৃত দরপত্র তফসিল এবং কাগজাদি যুক্ত করে দরপত্র দলিলের পৃষ্ঠার অনুক্রমে পরবর্তী সকল পৃষ্ঠায় ক্রমিক নং দিতে হবে। দরদাতার মুখবন্ধ খামে এবং দরপত্র দলিলের প্রচ্ছদপত্রে কোন পৃষ্ঠা নম্বর হবে না।

১৩। দরপত্র খোলার পর অন্তত: ৯০ (নব্বই) দিন দরপ্রস্তাব বৈধ থাকবে। এই সময়ের মধ্যে দরদাতা তার দরপত্র প্রত্যাহার করতে পারবেন না। দরপত্র প্রত্যাহার করা হলে দরপত্র জামানত (আর্নেস্টমানি) বাজেয়াপ্ত করা হবে।

১৪। অত্র দরপত্র তফসিলের কোন ধারা, উপধারা অমান্য করার বা শুণ্যস্থান যথাযথ পূরণ না করায় বা কাটাকাটি করার বা ওভাররাইটিং করার কারণে দরপত্র বাতিল করা হলে উক্ত দরদাতার কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১৫। মিথ্যা/ভূল তথ্য/অসম্পূর্ণ তথ্য/কালো তালিকাভূক্ত/প্রত্যাখ্যাত বা আহবান সত্ত্বেও চুক্তি না করা প্রতিষ্ঠান সমূহের দরপত্রে অংশগ্রহণের প্রয়োজন নাই।

১৬। অসম্পন্ন দরপত্র বাতিল বলে গন্য হবে।

১৭। দরপত্র সিডিউলের সকল শর্তাবলী দরপত্রের অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে।

অধ্যায়-২

দরদাতার যোগ্যতা

দরপত্রের সাথে নিম্নল্লেখিত কাগজপত্রাদি ও দলিলাদি নামের সীলসহ ১ম শ্রেনীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ দাখিল করতে হবেঃ-

২.১। হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ।

২.২। ১১(এগারো) ডিজিটের ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি।

২.৩। (২০১৮-১৯) অর্থ বছরের আয়কর পরিশোধ/মামলা নিস্পত্তি হইয়াছে মর্মে সনদপত্রের সত্যায়িত কপি।

২.৪। বাংলাদেশ চেম্বার অব কমার্স/সমমানের ব্যবসায়ী সমিতির হালনাগাদ (ডিসেম্বর/২০১৯) মেম্বারশীপের সত্যায়িত কপি।

২.৫। দরপত্র/সিডিউল ক্রয়ের ট্রেজারী চালানের মুল কপি ও Online সার্টিফাইড কপি দাখিল করতে হবে।

২.৬। দরদাতাকে কোন তফসিলী ব্যাংক হতে হালনাগাদ তার প্রতিষ্ঠানের হিসাবে কমপক্ষে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার Tranjection হইয়াছে মর্মে Bank Statement এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

২.৭। দরপত্র দাতার ঢাকা শহরে নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠানের কার্যালয় থাকতে হবে। ভাড়া বাড়ীতে ব্যবসা প্রতিষ্ঠানের কার্যালয় পরিচালনার ক্ষেত্রে বাড়ীর মালিক হতে মেয়াদ উল্লেখ করে প্রত্যয়নপত্র এবং নিজ মালিকানাধীন বাড়ীতে অফিস হলে মালিকানার প্রমাণপত্র বা দলিলের সত্যায়িত কপি।

২.৮। দরদাতা প্রতিষ্ঠানের মালিকের নামে ঢাকা অফিসের ল্যান্ডফোন, মোবাইল, ফ্যাক্স নম্বর উল্লেখ করে তার তালিকার কপি।

২.৯। দরদাতাকে দরপত্রের সাথে তাহার নিজস্ব লেটার হেডপ্যাডে দেশের কোন আইন দ্বারা অযোগ্য নন মর্মে অঙ্গীকারপত্র দাখিল করতে হবে।

২.১০। দরপত্র দাতাকে ০৬ (ছয়) মাস নিজস্ব অর্থায়নে কাজ চালিয়ে নেয়ার মত আর্থিক স্বচ্ছলতা থাকতে হবে।

২.১১। নিম্নলিখিত শর্ত সমূহ সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন বা দাখিল করতে ব্যর্থ হলে Non-Responsive বা বাতিল বলে ঘোষিত হবে ঃ-

(ক) দরদাতা-তার সংস্থার ১ হতে ০৪ ও ০৬ হতে ১১ সূচীতে বর্ণিত সনদপত্রের সত্যায়িত কপি এবং ০৫ নং ক্রমিকে বর্ণিত দরপত্র/সিডিউল ক্রয়ের ট্রেজারী চালানের মুল কপি জমা দিতে ব্যর্থ হলে। প্রয়োজনবোধে দরপত্র মূল্যায়নের সময় মূল কাগজপত্র বা দলিলাদির কপি প্রদর্শন করতে না পারলে।

(খ) দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপত্রদাতা কর্তৃক দরপত্রের শর্তাবলী গ্রহনযোগ্যতার নিশ্চয়তা সূচক সীলমোহর সহ দস্তখত না থাকলে।

২.১২। **অভিজ্ঞতার সনদপত্র ঃ**

দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে পূর্ব-অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সনদপত্র ব্যতিত কোন পূর্ব-অভিজ্ঞতা মূল্যায়ণকালে বিবেচনায় আনা হবে না। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) কর্তৃপক্ষ/দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃক পরবর্তীকালে যে কোন সময় যে কোন সনদপত্রের মূল কপি দেখতে চাওয়ার অধিকার সংরক্ষণ করেন। যদি কোন সময় যে কোন সনদপত্রের উৎস বা প্রতিপাদ্য বিষয় (contents) অসত্য বলে চিহ্নিত বা প্রমাণিত হয় তবে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সংশ্লিষ্ট দরপ্রস্তাবটিকে বাতিল বা অযোগ্য করে বিবেচনা করার অধিকার সংরক্ষণ করেন এবং সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত করা ছাড়াও তার বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

২.১৩। প্রয়োজনে জনবল প্রদানের জন্য স্বরাষ্ট্র/শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় প্রদত্ত লাইসেন্স ও সর্বশেষ সনদপত্রের নবায়নকৃত কপি (যদি থাকে)।

২.১৪। লিমিটেড কোম্পানী হলে মেরোরেনডাম অব আর্টিকেলস এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সার্টিফাইড কপি এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের কপি।

২.১৫। লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে পরিচালনা পর্ষদ কর্তৃক দরপত্র দাখিল ও দরপত্র সংক্রান্ত সকল কাগজপত্রের কোম্পানীর পক্ষে সহি স্বাক্ষরের জন্য সাম্প্রতিককালের গৃহীত সিদ্ধান্তের কপি।

২.১৬। অংশীদারি কোম্পানীর ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্রের কপি।

২.১৭। দরপত্র ক্রয়ের মূল রশীদ।

২.১৮। সরকারী হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

২.১৯। দরদাতাকে যে কোন তফসিলী ব্যাংক হতে তার প্রতিষ্ঠান সম্পর্কে আর্থিক স্বচ্ছলতা সার্টিফিকেটের কপি দাখিল করতে হবে। উক্ত সনদে কমপক্ষে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার ব্যাংক ব্যালেন্স আছে মর্মে উল্লেখ থাকতে হবে। সরকারী বরাদ্দ প্রাপ্তী বিলম্ব হলে, যা দ্বারা কর্মচারীদের অন্ততঃ ৬ (ছয়) মাসের বেতন ভাতাদি পরিশোধের ব্যবস্থা করা যাবে। দরপত্র দাতাকে ০৬ (ছয়) মাস নিজস্ব অর্থায়নে কাজ চালিয়ে নেয়ার মত আর্থিক
স্বচ্ছলতা থাকতে হবে মর্মে কোম্পানী নিজস্ব প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

২.২০। দরপত্রের সাথে জনবল সরবরাহ কাজ বাবদ সর্বসাকুল্যে মোট ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা দরপত্র জামানত হিসেবে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংকের পে-অর্ডারের মাধ্যমে পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা এর বরাবরে জমা প্রদান করতে হবে। তফসীলী ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। দাখিলকৃত পে-অর্ডারের সঠিকতা যাচাই করে সঠিক বলে পাওয়া না গেলে সংশ্লিষ্ট আইনের ধারা অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

২.২১। ঠিকাদারের বীমা পলিসি থাকা বাধ্যতামূলক ঃ
ঠিকাদার কোম্পানী "জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা" এ যে সব কর্মী সরবরাহ করবেন তাদের অক্ষমতা, কর্তব্যে অবহেলা বা অদূরদর্শিতার কারনে প্রতিষ্ঠানের কোন সম্পদ খোয়া গেলে বা ক্ষতিগ্রস্থ হলে ক্ষতিপূরণ প্রদান করবেন এবং এ সংক্রান্ত বীমা পলিসি থাকতে হবে।

২.২২। দরদাতা প্রতিষ্ঠান দরপত্রের সাথে এই মর্মে নিশ্চয়তাপত্র দাখিল করবেন যে, হাসপাতাল কর্তৃপক্ষ হতে জামানত ও দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অনুমোদিত ঠিকাদারকে দরপত্র চুক্তির সাথে নিয়োগতব্য কর্মীর ব্যক্তিগত ফাইল/ছবিসহ, জনবলকর্মীর বীমার কাগজপত্রাদি, জীবন বৃত্তান্ত ফাইল আকারে দাখিল করবেন এবং চুড়ান্তভাবে বিবেচিত জনবল কার্যাদেশে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করতে বাধ্য থাকবেন।

২.২৩। দরদাতা কোম্পানী দরপত্রের সাথে এই মর্মে অঙ্গীকার পত্র দাখিল করবেন যে, হাসপাতালে নিয়োগকৃত জনবল কর্মী কাজের প্রকার ভেদে প্রতিদিন সকাল, বিকাল ও রাত্র এই তিন শিফটে বিভক্ত হয়ে প্রত্যেক এক শিফটে (অর্থাৎ আট ঘন্টা) ডিউটি করবে, কেউ একাধিক শিফটে (অর্থাৎ আট ঘন্টার বেশী) ডিউটি করতে পারবেন না। প্রত্যেক কর্মী দৈনিক কর্মস্থলে যোগদানের ন্যূনতম ১৫ মিঃ পূর্বে কর্মস্থলে উপস্থিত হয়ে ওয়ার্ম আপ ট্রেনিং এবং Orientation সম্পন্ন করে নির্ধারিত/অনুমোদিত পোষাক (ইউনিফর্ম) পরিধান করে কাজে যোগদান করবে। ডিউটি ব্যতিত কোন জনবল/কর্মী হাসপাতালে অবস্থান করতে পারবেন না। নিয়োগপ্রাপ্ত কর্মী কোন অবস্থাতেই তার পরিবর্তে কোন অনিয়োগপ্রাপ্ত লোক দিয়ে কাজ করা যাবে না।

২.২৪। দরদাতা কোম্পানী এই মর্মে অঙ্গীকারপত্র দাখিল করবেন যে, সফল দরদাতা নির্বাচিত হলে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা নিয়োগতব্য জনবল প্রযোজ্যক্ষেত্রে "সদা জাগ্রত" অবস্থায় অর্পিত দায়িত্ব পালন করবে এবং কোন কর্মীর বিরুদ্ধে কর্ম অবহেলা বা দায়িত্বহীনতার অভিযোগ উত্থাপিত হলে তাৎক্ষনিকভাবে সেই কর্মীকে প্রত্যাহার করে নিবেন এবং ২৪ ঘন্টার মধ্যে অপেক্ষমান তালিকা হইতে শুন্যপদ পূরণ করবেন। দরদাতা প্রতিষ্ঠান তাদের নিজ প্রয়োজনে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা নিয়োজিত কোন কর্মী প্রত্যাহার করতে পারবেন না। প্রত্যাহার করতে চাইলে সু-নির্দ্দিষ্ট কারনসহ কমপক্ষে ৭ দিন পূর্বে লিখিত আবেদন করবেন এবং তদস্থলে নিয়োগতব্য কর্মীর ব্যক্তিগত ফাইল/ছবি সহ জীবন বৃত্তান্ত ও অন্যান্য কাগজপত্রাদি দাখিল করবেন।

৩। নিম্নলিখিত শর্তসমূহ সঠিকভাবে প্রস্তুত/প্রণয়ন বা দাখিল করতে ব্যর্থ হলে দরপত্র সরাসরি Non-responsive বা বাতিল বলে ঘোষিত হবে।

ক) দরপত্র সিডিউলের অধ্যায় ঃ ২ এ বর্ণিত দরদাতার যোগ্যতা সম্পর্কিত তথ্যাদির ২.১ হতে ২.১০ নং সূচীতে বর্ণিত কাগজপত্র দলিলাদীর ছায়াকপি ১ম শ্রেনীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত কপি এবং ২.১১ হতে ২.১৬ পর্যন্ত সূচীর মূল সার্টিফিকেট (যাহা দরপত্র চূড়ান্ত সিদ্ধান্তের পর ফেরৎ দেওয়া হইবে) এবং প্রত্যয়নপত্র জমা দিতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

খ) প্রয়োজনবোধে দরপত্র মূল্যায়নের সময় মূল কাগজপত্র বা দলিলাদির কপি প্রদর্শন করতে না পারলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) টেন্ডার ডকুমেন্টের (দরপত্র সিডিউলে) প্রতিটি পাতায় দরদাতা কর্তৃক দরপত্রের শর্তাবলী গ্রহনযোগ্যতার নিশ্চয়তা সূচক সীলমোহর সহ দস্তখত না থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। CPTU July 2019 Section-2 Tender Data Sheet এর ধারা ITT-22.7 মোতাবেক সার্ভিস চার্জ প্রদেয় হইবে।

অধ্যায়-৩

আউট সোর্সিং জনবলের সংখ্যা, যোগ্যতা, কাজের বিভাজন/কাজের পরিধি, ব্যক্তিগত বিবরণী, প্রশিক্ষণ ও বেতনভাতাদি সংক্রান্ত ঃ

১। প্রত্যেক কর্মী (ক) ৮ম শ্রেনী পাশ (খ) ১৮-৩০/৪০ (গ) শারিরিকভাবে সুস্থ্য সবল হতে হবে।

২।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	ক্যাটাগরী	সর্ব সাকুল্যে মাসিক বেতন
ক)	ওয়েল্ডার টার্নার (গ্রেড-২০)	০১টি	২	১৮,৬১০/-
খ)	কুক (বাবুর্চি) (গ্রেড-২০)	০৩ টি	৪	১৭,৯১০/-
গ)	লন্ড্রি অপারেটর (গ্রেড-২০)	০২টি	৪	১৭,৯১০/-
ঘ)	ওয়ার্ড বয় (গ্রেড-২০)	২৯ টি	৫	১৭,৬১০/-
ঙ)	দারোয়ান/নিরাপত্তা প্রহরী (গ্রেড ২০)	১৮টি	৫	১৭,৬১০/-
চ)	সুইপার (পরিচ্ছন্নতা কর্মী) (গ্রেড ২০)	৩৫টি	৫	১৭,৬১০/-
ছ)	আয়া (গ্রেড-২০)	০৪ টি	৫	১৭,৬১০/-
জ)	মশালচি (সহঃ বাবুর্চি) (গ্রেড-২০)	০২টি	৫	১৭,৬১০/-
ঝ)	ধুপী (ওয়াসার ম্যান) (গ্রেড ২০)	০১টি	৫	১৭,৬১০/-
ঞ)	কার্পেন্টার (গ্রেড ২০)	০১ টি	৫	১৭,৬১০/-
ট)	মালী (গ্রেড ২০)	০১টি	৫	১৭,৬১০/-
ঠ)	ডার্ক রুম এ্যাসিসটেন্ট (গ্রেড-২০)	০১টি	৫	১৭,৬১০/-
ড)	বোতল ওয়াসার (গ্রেড ২০)	০১টি	৫	১৭,৬১০/-
ঢ)	লিপ্ট অপারেটর (গ্রেড-২০)	০১টি	৫	১৭,৬১০/-
ণ)	সকস্ মেকার (গ্রেড ২০)	০১টি	৫	১৭,৬১০/-
	মোট =	১০১		

৩। আউট সোর্সিং সম্পর্কিত মন্ত্রনালয় নির্ধারিত ২০১৮ ও ২০১৯ বিধিমালা অবশ্যই অনুসরণীয়। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত বিধি বিধান অনুসরণ করতে হবে।

৪। আউটসোর্সিং এ নিয়োজিত জনবলের অদক্ষতা ও অবহেলার কারনে কোন সরকারী সম্পদের ক্ষতিসাধন হলে জনবল রবরাহকারী প্রতিষ্ঠান দায়ী থাকবেন ও ক্ষতিপূরন প্রদানে বাধ্য থাকবেন।

৫। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সংগে প্রয়োজনবোধে হাসপাতাল কর্তৃপক্ষ এক মাসের নোটিশের এবং সরবরাহকারী প্রতিষ্ঠান দুই মাসের নোটিশে বাতিল করতে পারবেন।

৬। আউটসোর্সিং কর্মচারীদের সাকুল্য বেতন ছকে নির্ধারিত বেতনের কম হতে পারবে না। তাদের নিজ নামীয় ব্যাংক একাউন্টে চেকের মাধ্যমে প্রদান করতে হবে। প্রতি মাসের বেতন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হবে।

৭। আউটসোর্সিং কাজে নিয়োজিত জনবলের অতিরিক্ত ২০% সহ জীবন বৃত্তান্ত অত্র কার্যালয়ে জমা দিতে হবে।

ক) চুক্তি সম্পাদনের পর কার্যাদেশ প্রাপ্তির পূর্বে জনবল সরবরাহ কোম্পানী কর্তৃক অত্র হাসপাতালে নিয়োগকৃত কর্মীর তালিকাসহ প্রত্যেক জনবল কর্মীর ছবি, জীবন বৃত্তান্ত (স্থায়ী ঠিকানা সহ), নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত সনদ, অভিজ্ঞতার সনদপত্র এবং প্রশিক্ষণ সনদপত্র সহ প্রত্যেকের ভিন্ন ভিন্ন ব্যক্তিগত ফাইল হাসপাতাল কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করতে হবে। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, (নিটোর) হাসপাতাল কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী ঠিকাদারকে নিয়োজিত জনবলের পুলিশ ভেরিফিকেশন সরবরাহ করতে হবে।

খ) জনবল কর্মীদের সম্পূর্ণ তালিকা এবং প্রত্যেক জনবল কর্মীর ভিন্ন ভিন্ন ব্যক্তিগত নথি প্রাপ্তির পর হাসপাতাল কর্তৃপক্ষ প্রয়োজনে তাদের সাক্ষাৎকার গ্রহণ করবেন।

গ) এ ব্যাপারে নিযুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মোবাইল নাম্বার, ছবি ও এনআইডি কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

৮। কর্মী প্রশিক্ষনের প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান নিজ খরচে তাদের প্রশিক্ষিত করে নিজ নিজ ক্ষেত্রে দক্ষতা সৃষ্টি করতে হবে।

৯। সরবরাহকারী প্রতিষ্টান নিয়োগকারী প্রতিষ্টানের চাহিদা মোতাবেক তাদের আইডেনটিটি কার্ড ও পেষাক সরবরাহ করতে হবে।

১০। সকল কর্মীদের লজিষ্টিক সার্পোট যেমন বাঁশি, লাঠি, টর্চ লাইট, রেইনকোর্ট, ওয়াকিটকি ও অন্যান্য আনুসাঙ্গিক লজিষ্টক সরবরাহ করবে।

১১। ঠিকাদার কর্তৃক নিয়োজিত কেউ কর্তব্য কাজে অবহেলা করলে রোগীদের সহিত খারাপ আচরন ও উৎকোচ গ্রহন করলে সময়মত উপস্থিতির ব্যাঘাত ঘটলে কর্তৃপক্ষ তাহাকে বহিস্কার, বেতন কর্তনের অধিকার রাখে। উক্ত টাকা সরবরাহকারীর বিল হতে কর্তন করা হবে।

অধ্যায়-৪

সিকিউরিটি গার্ডদের অন্যান্য দায়িত্ব ঃ

১। হাসপাতাল ভবন, হাসপাতাল ভবনে সংরক্ষিত সকল মালামাল, সরকারী দলিলপত্র রোগীদের সামগ্রীসহ হাসপাতাল বাউন্ডারির অভ্যন্তরীণ সকল নিরাপত্তা সিকিউরিটি কর্মীদের মাধ্যমে সিকিউরিটি কোম্পানী কর্তৃক সার্বিকভাবে নিশ্চিত করতে হবে।

২। হাসপাতালের নির্ধারিত গাড়ী পার্কিং এলাকায় যাতে কোন প্রকার বহিরাগত এ্যাম্বুলেন্স বা ভাড়া গাড়ী স্থায়ীভাবে পার্কিং করতে না পারে তাহা নিশ্চিত করতে হবে।

৩। হাসপাতালের অভ্যন্তরে নির্ধারিত স্থান ব্যতীত কোন রিক্সা, বেবী ট্যাক্সি ইত্যাদি যানবাহন যাতে পার্কিং করতে না পারে তাহা নিশ্চিত করতে হবে।

৪। হাসপাতালের চত্বরে কোন প্রকার দালাল, ফেরিওয়ালা, ভিক্ষুক যাতে প্রবেশ করতে না পারে তাহা নিশ্চিত করতে হবে।

৫। হাসপাতালে প্রধান প্রবেশ ফটকের সামনে কোন প্রকার দোকান ও ফেরিওয়ালা যাতে বসতে না পারে তাহা নিশ্চিত করতে হবে।

৬। রাতে হাসপাতালের বাউন্ডারির অভ্যন্তরে একজন সিকিউরিটি সুপারভাইজারের নেতৃত্বে ২/৩জন সিকিউরিটি কর্মী কর্তৃক সার্বক্ষনিক রাউন্ড দিতে হবে।

৭। দর্শনাথীদের জন্য নির্দিষ্ট সময় ব্যতিরেকে অন্য সময়ে কর্তৃপক্ষের দেয়া গেট পাস ছাড়া কোন দর্শনার্থী প্রবেশ করতে পারবেনা- তাহা নিশ্চিত করতে হবে।

৮। অধিক দর্শনর্থী যাতে ওয়ার্ডে থাকতে না পারে তাহা নিশ্চিত করতে তিন সিফটে দায়িত্বপ্রাপ্ত সুপারভাইজার সিকিউরিটি কর্মীকে নিয়ে কাজ করতে হবে। বিশেষ করে সকাল ৮ টাকা থেকে দুপুর ২টা পর্যন্ত ওয়ার্ড সমূহে ভিজিটর নিয়ন্ত্রণে রাখতে হবে।

৯। কোন বহিরাগত লোক হাসপাতালের অভ্যন্তরের যেখানে সেখানে রাত্রে ঘুমাতে না পারে তাহা নিশ্চিত করতে হবে।

১০। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন রকম পোষ্টার, ব্যানার, ষ্টিকার, লিফলেট যাতে হাসপাতালের দেয়ালে না লাগাতে পারে তাহা নিশ্চিত করতে হবে।

১১। নিয়োজিত নিরাপত্তা কর্মীদেরকে হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী, রোগী এবং দর্শনার্থীদের সংগে বিনয়ী ব্যবহার করতে হবে।কারো বিরুদ্ধে আর্থিক লেনদেন, মারামারিসহ যে কোন অপরাধে অভিযোগ উত্থাপিত হলে ঠিকাদার কর্তৃক তাৎক্ষনিক অপসারন করতে হবে।

১২। নিরাপত্তা কর্মীদের ডিউটিকালে অনুমোদিত ইউনিফরম পরিধান করতে হবে এবং ছবিসহ পরিচয়ত্র ব্যবহার করতে হবে। পোষাকের গায়ে নিটোর হাসপাতালের ব্যাজ এবং বড় অক্ষরে গার্ডের নামের ব্যাজ পরিধান করতে হবে।

১৩। নিয়োজিত নিরাপত্তা কর্মীগণ একত্রে জড়ো হয়ে ঠিকাদারের নিকট কোন দাবীর অযুহাতে হাসপাতালের পরিবেশ নষ্ট হোক এমন কাজে অংশ গ্রহণ করতে পারবে না।

১৪। নিরাপত্তা কর্মীদের হাসপাতালের বাউন্ডারির ভেতরে কোন অননুমোদিত দোকান, ফেরিওয়ালা অথবা অন্য কোন ব্যবসায়িক কর্মকান্ড যাতে না ঘটে তাহা নিশ্চিত করতে হবে। ঠিকাদার এতদসংক্রান্ত যে কোন পরিস্থিতির মোকাবেলায় হাসপাতাল কর্তৃপক্ষ/আইনপ্রয়োগকারী সংস্থার সহযোগীতা নিতে পারবেন।

১৫। অন্যান্য পদে কর্মরত জনবলের দায়িত্ব হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী নিয়ন্ত্রন করিবেন।

সুইপার (পরিচ্ছন্নতাকর্মীদের দায়িত্বঃ

১) হাসপাতাল ভবন ও পারিপার্শ্বিক এলাকা (চত্বর) সঠিকভাবে সার্বক্ষনিক পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

২) OT, LAB, ইমার্জেন্সী, কেবিন, সকল ওয়ার্ড, বর্হি:বিভাগসহ সকল করিডোরের পরিস্কার পরিচ্ছন্নতা কাজ প্রতিদিন প্রতি সিফটে অন্তত দুইবার এবং সকল বাথরুম দুই ঘন্টা পর পর পরিস্কার করতে হবে।

৩) হাসপাতাল ভবন ও পারিপার্শ্বিক এলাকা ও অভ্যন্তরিণ রাস্তাসমূহ সার্বক্ষনিকভাবে পরিস্কার/পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজনে কর্তৃপক্ষের নির্দেশে একাধিকবার পরিস্কার করতে হবে।

৪) বিভিন্ন বিভাগ, অফিস, বারান্দা, সিলিং, দেওয়াল, মেঝে, জানালা, বিভিন্ন ব্লকের মধ্যবর্তী স্থান সমূহ, অভ্যন্তরীন সকল রাস্তা, লেন, গাড়ী পার্কিং, বেজমেন্ট এবং অন্যান্য সকল স্থান সার্বক্ষনিকভাবে পরিস্কার রাখতে হবে।

৫) প্রশাসনিক এবং দাপ্তরিক কাজে ব্যবহৃত সকল কক্ষসমূহ অফিস সময়ের পূর্বে ঝাড়ু এবং সোয়াব দিতে হবে। কক্ষের সিলিং ফ্যান ও দরজা/জানালা (গ্লাসসহ) পরিস্কার করতে হবে।

৬) প্রতি শুক্রবার সমস্ত হাসপাতাল গুড়ো সাবান/সোডা/ফিনাইল/স্যাভলন/হারপিক/ভিক্সল (যেখানে যাহা প্রয়োজন) মিশ্রিত পানি দ্বারা ধৌত করতে হবে।

৭) সমস্ত হাসপাতাল এবং হাসপাতালের ড্রেনসহ সংলগ্ন এলাকা সব সময় ঝকঝকে পরিস্কার রাখতে হবে এবং কোনরুপ অজুহাতে অপরিস্কার রাখা যাবে না।

অন্যান্য জনবলের দায়িত্ব ঃ

অন্যান্য পদের ক্ষেত্রে স্ব স্ব কর্মক্ষেত্রে কর্তৃপক্ষ কতৃক অর্পিত/নির্দেশিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।

অধ্যায়-৫

বিশেষ শর্তাবলী

১। Contract/চুক্তি সম্পাদন ঃ কৃতকার্য দরপত্র দাতাকে দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত নমুনা মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে একটি চুক্তি সম্পাদন করতে হবে। এই দরপত্র সিডিউলের সকল শর্তাবলী উক্ত চুক্তির অংশ বলিয়া বিবেচিত হবে।

২। **কার্যসম্পাদন জামানত জমা প্রদান সংক্রান্ত ঃ**
কৃতকার্য দরপত্র দাতা মোট জনবলের বাৎসরিক দরের ১০% টাকা কার্যসম্পাদন জামানত হিসাবে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক এর পে-অর্ডারের মাধ্যমে **২০১৯-২০২০ ইং অর্থ বৎসরে, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), এর পরিচালক ও অধ্যাপক বরাবরে জমা প্রদান করতে হবে। তফসিলী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে গ্রহণ করা হবে না। ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূল কপি জমা দিতে হবে, ফটোকপি কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), হাসপাতাল কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত ব্যাংক-ড্রাফট/পে-অর্ডারের সত্যতা যাচাইয়োর অধিকার সংরক্ষণ করে। পরবর্তী যে কোন সময় উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সঠিক নয় বলে প্রমাণিত হলে ঠিকাদারের বিরুদ্ধে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), হাসপাতাল কর্তৃপক্ষ যে কোন আইনগত ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষণ করে। জমাকৃত নিরাপত্তা জামানত সম্পূর্ণরূপে লভ্যাংশমুক্ত হবে।**

সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ শেষ হবার পর কিংবা চুক্তির কার্যকারিতা শেষ হবার পর ও তদসময়ে ঠিকাদার বরাবরে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান(নিটোর), হাসপাতাল কর্তৃপক্ষ কোরূপ দাবী/পাওনা না থাকলে এবং ঠিকাদারের লিখিত আবেদন প্রাপ্তি স্বাপেক্ষে ঠিকাদার/ঠিকাদারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

৩। **দরপত্র জামানত (আর্নেষ্টমানি) প্রদান ঃ**
দরপত্র মূল্যায়ন শেষে অকৃতকার্য দরপত্র দাতা প্রতিষ্ঠানের দরপত্র জামানত (আর্নেষ্টমানি) ফেরত পাবেন। সফল দরপত্রদাতারে ক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে "কার্যসম্পাদন জামানত" প্রাপ্তির পর দরপত্র জামানত (আর্নেষ্টমানি) ফেরত দেয়া হবে। দরপত্র তফসিলে স্বাক্ষরকারী দরপত্রদাতা প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্তৃক তাদের ছাপানো চিঠির প্যাডে আবেদনের ভিত্তিতে দরপত্র জামানত আর্নেষ্টমানি তাকে অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে হাতে হাতে হস্তান্তর করা হবে।

৪। **আই.টি.ভ্যাট ও অন্যান্য কর্তন ঃ**
সরকারী নিয়মানুযায়ী মাসিক বিল হতে আই.টি. ভ্যাট ও যাবতীয় সরকারী পাওনা কর্তন করা হবে এবং যে কোন কারণ বশত: সরবরাহকৃত জনবল অনুপস্থিত থাকলে তা মাসিক বিল হতে কর্তনযোগ্য।

৫। **বিল পরিশোধ ঃ**
জনবলের উপস্থিতি প্রতিবেদন অনুযায়ী প্রতি মাসের বিল ৫ (পাঁচ) কপি করে পরবর্তী মাসের ০৫ (পাঁচ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় দাখিল করতে হবে। সংশ্লিষ্ট খাতে অর্থ বরাদ্দ প্রাপ্তি, অনুমোদন ও মঞ্জুরী প্রাপ্তি সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক বিল পরিশোধযোগ্য। বিল পরিশোধে বিলম্ব হলে অন্তত: ০৬ (ছয়) মাস নিজস্ব অর্থায়নে কাজ চালিয়ে নিতে হবে।

৬। **কার্য তদারকি ঃ**
হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নিয়মিতভাবে হাসপাতালের সরবরাহকৃত জনবল/কর্মীদের কাজ তদারকি করবেন। কমিটি অথবা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মাসিক বিল পরিশোধ করা হবে।

৭। **দরপত্রের কার্যক্রম/ক্রয়াদেশ সংক্রান্ত যোগাযোগ ঃ**
দরপত্রের সকল কার্যক্রম সর্বশেষ সরকারী নীতিমালা/পিপিআর অনুযায়ী সম্পন্ন করা হবে। এই শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়সমূহ এতদসংক্রান্ত সরকারী কোন বিধিমালা প্রণীত হলে তা এই দরপত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং উক্ত বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৮। **দরপত্র বাতিল সংক্রান্ত ঃ**
কর্তৃপক্ষ কোন আইনি জটিলতা/শর্তের ব্যতিক্রম মনে করলে এই দরপত্রের কার্য সম্পাদিত হওয়ার পূর্বেই অথবা কার্যাদেশ প্রদানের পর দরপত্র বাতিল অথবা চুক্তি বাতিল করতে পারবেন।

৯। **চুক্তি বাতিল সংক্রান্ত ক্ষমতা ঃ**
নিটোর হাসপাতাল কর্তৃপক্ষ যে কোন সময় কোনরূপ কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন ঠিকাদারের সাথে চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষন করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারের কোনরূপ আপত্তি গ্রহণযোগ্য হবে না

১০। আউটসোর্সিং জনবল এর নিম্ন বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে ঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	নূন্যতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১.	ওয়েল্ডার টার্নার (গ্রেড-২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	সংশ্লিষ্ট পদে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
২.	কুক (বাবুর্চি) (গ্রেড-২০)	০৩ টি	১৮-৪০ বছর	৮ম শ্রেনী পাশ	
৩.	লন্ড্রি অপারেটর (গ্রেড-২০)	০২টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
৪.	ওয়ার্ড বয় (গ্রেড-২০)	২৯ টি	১৮-৪০ বছর	৮ম শ্রেনী পাশ	
৫.	দারোয়ান/নিরাপত্তা প্রহরী (গ্রেড ২০)	১৮টি	১৮-৪০ বছর	৮ম শ্রেনী পাশ	
৬.	সুইপার (পরিচ্ছন্নতা কর্মী) (গ্রেড ২০)	৩৫টি	১৮-৪০ বছর	৮ম শ্রেনী পাশ	
৭.	আয়া (গ্রেড-২০)	০৪ টি	১৮-৪০ বছর	৮ম শ্রেনী পাশ	
৮.	মশালচি (সহঃ বাবুর্চি) (গ্রেড-২০)	০২টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
৯.	ধুপী (ওয়াসার ম্যান) (গ্রেড ২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১০.	কার্পেন্টার (গ্রেড ২০)	০১ টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১১.	মালী (গ্রেড ২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১২.	ডার্ক রুম এ্যাসিসটেন্ট (গ্রেড-২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১৩.	বোতল ওয়াসার (গ্রেড ২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১৪.	লিপ্ট অপারেটর (গ্রেড-২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	
১৫.	সকস্ মেকার (গ্রেড ২০)	০১টি	১৮-৩০ বছর	৮ম শ্রেনী পাশ	

অধ্যায়-৬

দরদাতার উদ্ধৃত দর

দরপত্রদাতা নিম্নলিখিত ছক অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরপ্রস্তাব দাখিল করবেন ঃ

পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	প্রতি কর্মচারী কে সরকার নির্ধারিত হার অনুযাই মাসিক নুন্যতম প্রদেয় সাকুল্যে সেবা মুল্য (প্রতিজন হিসাবে)	সার্ভিস চার্জ (সরকার নির্ধারিত হারে ভ্যাটও আয়কর যুক্ত করে প্রস্তাব/দর প্রদান করতে হবে) % (প্রতিজন হিসাবে)	সর্বমোট মূল্য (বাৎসরিক (প্রতিজন হিসাবে) (৩+৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
ওয়েল্ডার টার্নার (গ্রেড-২০)	০১টি				
কুক (বাবুর্চি) (গ্রেড-২০)	০৩ টি				
লন্ড্রি অপারেটর (গ্রেড-২০)	০২টি				
ওয়ার্ড বয় (গ্রেড-২০)	২৯ টি				
দারোয়ান/নিরাপত্তা প্রহরী (গ্রেড ২০)	১৮টি				
সুইপার (পরিচ্ছন্নতা কর্মী) (গ্রেড ২০)	৩৫টি				
আয়া (গ্রেড-২০)	০৪ টি				
মশালচি (সহঃ বাবুর্চি) (গ্রেড ২০)	০২টি				
ধুপী (ওয়াসার ম্যান) গ্রেড ২০	০১টি				
কার্পেন্টার (গ্রেড ২০)	০১ টি				
মালী (গ্রেড ২০)	০১টি				
ডার্ক রুম এ্যাসিসটেন্ট গ্রেড-২০	০১টি				
বোতল ওয়াসার (গ্রেড ২০)	০১টি				
লিপ্ট অপারেটর (গ্রেড-২০)	০১টি				
সকস্ মেকার (গ্রেড ২০)	০১টি				

দরপত্র প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর এবং প্রতিষ্ঠানের সীল

অধ্যায়-৭

দরপত্র জামানত (আর্নেষ্টমানি) সংক্রান্ত

(সকল দরপত্র দাতাকে এই ফরমটি অবশ্যই পূরণ করতে হবে, না করলে বা অসম্পূর্ণ থাকলে দরপত্র বাতিল বলে গণ্য হবে)।

অত্র দরপত্রের সাথে আমি/আমরা দরপত্র জামানত (আর্নেষ্টমানি) হিসাবে যে পে-অর্ডার দাখিল করলাম তার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলো।

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর	তারিখ	টাকার পরিমাণ	ইস্যুকারী ব্যাংকের নাম ও ঠিকানা	দরপত্র দাতার স্বাক্ষর ও সীল

দরপত্র প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর
এবং প্রতিষ্ঠানের সীল

স্বাক্ষর ঃ ....

নাম ঃ ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....

....

....

অধ্যায়-৮

(দরপত্র দাতাকে অবশ্যই পিপিআর পালন করতে হবে)

আমি / আমরা ....

(দরপত্র দাতার নাম ও ঠিকানা ....

সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নকালে ও চুক্তি কার্যকরকরণকালে নৈতিকতার সর্বোচ্চমান বজায় রাখিব।

(১) আমি/আমরা নিম্নলিখিত কার্যক্রমে নিয়োজিত হবো না:

(ক) দুর্নীতিমূলক কর্মকান্ড, যার অর্থ সংগ্রহ কার্যক্রম বা চুক্তি কার্যকর করণ সংশ্লিষ্ট সংগ্রাহক সত্তার কোন কার্য বা সিদ্ধান্ত বা অনুসরণীয় পদ্ধতির বিষয়ে, প্রলোভন হিসাবে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, সংগ্রাহক সত্তার কোন কর্মকর্তা বা কর্মচারী বা অন্য কোন সরকারী/বেসরকারী কর্তৃপক্ষ বা ব্যক্তিকে যে কোন ধরনের আনুতোষিক, চাকুরী অথাব মূল্যবান কোন দ্রব্য বা সেবা প্রদান বা প্রদানের অঙ্গীকার।

(খ) প্রতারণামূলক কর্মকান্ড, যার অর্থ সংগ্রহ কার্যক্রমে প্রভাব বিস্তারের জন্য বা চুক্তি কার্যকর করণকে প্রভাবিত করার উদ্ধেশ্যে তথ্যাদির অসত্য উপস্থাপন বা বিচ্যুতি।

(গ) ষড়যন্ত্রমূলক কার্যক্রম, যার অর্থ সংগ্রাহক সত্তাকে প্রকৃত প্রতিযোগিতার সুবিধা থেকে বঞ্চিত করে দরপত্রের দর কারচুপির লক্ষ্যে, সংগ্রাহক সত্তার জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে, দুই বা ততোধিক দরপত্রদাতার মধ্যে একটি পরিকল্পনা বা বন্দোবস্ত এবং

(ঘ) জবরদস্তিমূলক কর্মকান্ড, যার অর্থ সংগ্রহ কার্যক্রমে প্রভাব বিস্তারের জন্য বা চুক্তি কার্যকর করণকে প্রভাবিত করার জন্য, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোন ব্যক্তিবর্গ বা তাহাদের সম্পত্তির ক্ষতিসাধন বা ক্ষতিসাধনের হুমকি।

(২) আমরা সম্মতি প্রদান করছি যে, ১ এর (ক) থেকে ১ এর (ঘ)-এ উল্লিখিত কোন প্রকার দুর্নীতিমূলক, প্রতারণামূলক, ষড়যন্ত্রমূলক বা জবরদস্তিমূল্যক কোন কর্মকান্ড সম্পর্কে নিটোর হাসপাতাল কর্তৃপক্ষ অবহিত হলে,

(ক) হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে/আমাদেরকে উক্ত বিষয়ে প্রথমত: ব্যাখ্যা প্রদানের সুযোগ দান করবেন।

(খ) যদি আমরা / আমাদের ব্যাখ্যা সন্তোষজনক না হয় তবে নিটোর হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে / আমাদেরকে সংগ্রহ কার্যক্রমের বা চুক্তি কার্য করনের পরবর্তী পর্যায় হতে বাদ দিতে পারবে।

(গ) খ এ উল্লেখিত কারনে নিটোর হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে / আমাদেরকে অনির্দিষ্ট কালের জন্য কিংবা কোননির্দিষ্ট সময়ের জন্য সংগ্রহ কার্যক্রমে অংশ গ্রহনের জন্য অযোগ্য ঘোষণা করতে পারবে। এবং

(ঘ) এইরুপ বাতিল করন ও উহার কারণ সমূহ নিটোর হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক আমাকে / আমাদেরকে অবহিত করতে হবে।

দরপত্র প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর
এবং প্রতিষ্ঠানের সীল

স্বাক্ষর ঃ ....

নাম ঃ ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....

....

....

ফোন ঃ ....

ফ্যাক্স নং (যদি থাকে) ঃ ....

ই-মেইল/ইন্টারন্টে (যদি থাকে)ঃ ....

প্রতিষ্ঠানের সীলমোহর ঃ

অধ্যায়-৯

দরপত্র দাতার সম্মতিপত্র

আমি / আমর উপরোক্ত দরপত্র তফসিলভুক্ত সমস্ত শর্তসমূহ স্বজ্ঞানে পড়ে ও বুঝে বিনা আপত্তিতে মেনে নিয়ে আমার/আমাদের পক্ষ হতে নিম্নে স্বাক্ষর করলাম। দরপত্র তফসিলে বর্ণিত কোন শর্ত মোতাবেক হাসপাতাল কর্তৃক আমি/আমাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গৃহীত হলে আমি/আমরা সেই সিদ্ধান্তের বিপক্ষে আদালতের শরনাপন্ন হবো না।

দরপত্র প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/প্রতিনিধির স্বাক্ষর

এবং প্রতিষ্ঠানের সীল

স্বাক্ষর ঃ ....

নাম ঃ ....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ....

....

....

ফোন ঃ ....

ফ্যাক্স নং (যদি থাকে) ঃ ....

ই-মেইল/ইন্টারন্টে (যদি থাকে)ঃ ....

প্রতিষ্ঠানের সীলমোহর ঃ

অধ্যায়-১০

দরপত্র মূল্যায়ন সংক্রান্ত

১) **দরপত্র মূল্যায়ন সংক্রান্ত ঃ**

ক) নিটোর হাসপাতালের দরপত্র মূল্যায়ন কমিটি দাখিলকৃত সকল দরপত্র/প্রস্তাব মূল্যায়ন করবেন। উক্ত মূল্যায়নকালে এই দরপত্র তফসিলে বর্ণিত নির্দেশ ও অন্যান্য শর্ত ও চাহিদাসমূহ যথাযথভাবে পালন করা হয়েছে কিনা যাচাই করা হবে।

খ) যে সকল কারনে কোন দরপ্রস্তাব অযোগ্য (Non-responsive) বলে বিবেচনা করা হবে তা এই তফসিলের বিভিন্ন অনুচ্ছেদ বর্ননা করা হয়েছে।

গ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক কাগজপত্রাদি যাচাই বাছাই করে Responsive বিবেচিত হওয়ার পর ১ম সর্বনিম্ন দরদাতা সফল ঠিকাদার বলে বিবেচিত হবেন এবং কার্যসম্পাদন জামানত প্রদান করত Contract এ সই-স্বাক্ষরের জন্য তার বরাবরে পত্র জারী করা হবে। পত্র জারীর ০৭ (সাত) দিন/কর্তৃপক্ষের নির্ধারিত সময় কার্যসম্পাদন জামানত প্রদান এবং contract এ স্বাক্সর করতে ব্যর্থ হলে ২য় দরপত্র দাতাকে কার্যসম্পাদন জামানত প্রদান এবং চুক্তি করার জন্য পত্র জারী করা হবে।

২) **সফল দরদাতার দরপত্রের একক দরসমূহের বৈধতা ঃ**

দরপত্রের দর প্রস্তাবনায় বর্ণিত কাজের দর ৩০ শে জুন ২০১৯ইং পর্যন্ত বলবৎ থাকতে হবে এবং প্রয়োজনে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক তা সর্বোচ্চ আরো ৩ (তিন) মাস অথবা তার অধিক সময় পর্যন্ত (পিপিঅর আইন-২০০৬ এবং পিপিআর বিধিমালা-২০০৮ এর তফসিল-২ এর বিধি ১৯ (১) এবং ১১৭ (১০) অনুযায়ী বর্ধিত করা যাবে।

১) **মিথ্যা তথ্য বা কাগজপত্র প্রদানে বা তথ্য জালিয়াতি কারণে শাস্তি প্রদান সংক্রান্ত ঃ**

কোন দরদাতা তার দরপত্রের সাথে যদি এমন কোন তথ্য দেন বা কাগজপত্র জমা দেন যা পরবর্তী যে কোন সময় মিথ্যা বা জালিয়াতিমূলক বলে প্রমাণিত হয়, তবে হাসপাতাল কর্তৃপক্ষ ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়া বন্ধ/দরপত্র জামানত বাজেয়াপ্ত বা কার্যাদেশ বাতিল করা সহ ঠিকাদারের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে। এ ছাড়াও উক্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে নিটোর হাসপাতালের পরবর্তী যে কোন দরপত্র কার্যক্রমে অংশ গ্রহণে নিষিদ্ধ করা হবে।

২) **দরপত্র তফসিলের শর্তাদি গ্রহনের স্বীকৃতি ঃ**

দরপত্রদাতা অথবা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে দরপত্র তফসিলের শর্তাদি নিঃশর্তভাবে গ্রহনের স্বীকৃতি হিসাবে দরপত্র তফসিলের প্রতি পাতায় সীলসহ স্বাক্ষর করতে হবে। এছাড়াও অধ্যায়-৭, ৮ এবং ৯ পূর্ণাঙ্গভাবে পূরণ করতে হবে। অধ্যায় ৭, ৮ এবং ৯ অস্বাক্ষরিত থাকলে দরপ্রস্তাবটি অযোগ্য (Non respnsive) বলে বিবেচিত হবে। ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি দরপত্র তফসিলে স্বাক্ষর করলে দরপত্রের সঙ্গে দরপত্রদাতার পক্ষে প্রতিনিধি কর্তৃক দরপত্র স্বাক্ষরের Power of Attorney প্রদানের চিঠি সংযুক্ত করতে হবে।

৩) **দরপত্র সমূহের তুলনামূলক মূল্যায়ন প্রক্রিয়া সংক্রান্ত ঃ**

পিপিআর বিধি-২০০৮ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র সমূহের তুলনামূলক মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে সফল ঠিকাদার নির্বাচন করা হবে। কার্যাদেশ প্রাপ্ত দরপত্র দাতা কার্য সম্পাদনে অপরাগতা প্রকাশ করলে পরবর্তী সফল ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হবে।

৪) **দরপত্র সংক্রান্ত ক্ষমতা ঃ**

হাসপাতাল কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে বাধ্য নহে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্রের আংশিক বিলোপ বা সম্পূর্ণ দরপত্র বাতিল করন বা কাজের স্বার্থে যে কোন সমন্বয় বিবেচনা করার ক্ষমতা সংরক্ষন করে।

অধ্যায়- ১১
(৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প)
চুক্তিপত্র

জাতীয় অর্থোপেডিক হাসপাতা ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), হাসপাতাল,
শেরে বাংলা নগর, ঢাকা।

....,সরবরাহকারী
এর পক্ষে ....
পদবী ....

জাতীয় অর্থোপেডিক হাসপাতা ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) হাসপাতাল, ঢাকা এর আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের ঠিকাদার নিমিত্তে দরপত্র স্মারক নং- Nitor/Hosp/Admin/Outsourcing/2019-20/4050; Date: 28/08/2019 অনুযায়ী দাখিলকৃত দর প্রস্তাবের প্রেক্ষিতে এবং দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে গৃহীত ১০১ (একশত এক) জন আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের নিমিত্তে উভয় পক্ষ অদ্য ....ইং তারিখে এই চুক্তি সম্পাদন করলাম:

পদের নাম ও গ্রেড	পদের সংখ্যা	প্রতি কর্মচারী কে সরকার নির্ধারিত হার অনুযাই মাসিক নুন্যতম প্রদেয় সাকুল্যে সেবা মুল্য (প্রতিজন হিসাবে)	সার্ভিস চার্জ (সরকার নির্ধারিত হারে ভ্যাটও আয়কর যুক্ত করে প্রস্তাব/দর প্রদান করতে হবে) % (প্রতিজন হিসাবে)	সর্বমোট মূল্য (বাৎসরিক (প্রতিজন হিসাবে) (৩+৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
ওয়েল্ডার টার্নার (গ্রেড-২০)	০১টি				
কুক (বাবুর্চি) (গ্রেড-২০)	০৩ টি				
লন্ড্রি অপারেটর (গ্রেড-২০)	০২টি				
ওয়ার্ড বয় (গ্রেড-২০)	২৯ টি				
দারোয়ান/নিরাপত্তা প্রহরী (গ্রেড ২০)	১৮টি				
সুইপার (পরিচ্ছন্নতা কর্মী) গ্রেড ২০	৩৫টি				
আয়া গ্রেড-২০	০৪ টি				
মশালচি (সহঃ বাবুর্চি) গ্রেড-২০	০২টি				
ধুপী (ওয়াসার ম্যান) গ্রেড ২০	০১টি				
কার্পেন্টার গ্রেড ২০	০১ টি				
মালী গ্রেড ২০	০১টি				
ডার্ক রুম এ্যাসিসটেন্ট গ্রেড-২০	০১টি				
বোতল ওয়াসার গ্রেড ২০	০১টি				
লিপ্ট অপারেটর গ্রেড-২০	০১টি				
সকস্ মেকার গ্রেড ২০	০১টি				

এই চুক্তিপত্র নিম্নলিখিতভাবে অনুসৃত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলোঃ

১। নিটোর হাসপাতাল, ঢাকা এ ....পর্যন্ত আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের দরপত্র সিডিউলের সকল শর্তাবলী এই চুক্তির মাধ্যমে বলবৎ ও কার্যকর হবে।

২। নিম্ন লিখিত দলিলাদি অত্র চুক্তি পত্রের অংশ বলিয়া গণ্য হবে:

ক) গৃহীত দর।

খ) দরপত্র সিডিউলের সকল শর্তাবলী।

গ) কার্যাদেশ।

ঘ) পরবর্তীতে জারীকৃত আদেশ সমূহ।

৩।	ঠিকাদার এই চুক্তিপত্রের শর্তাবলী মোতাবেক কার্যাবলী সম্পাদন করবেন এবং সম্পাদিত কার্যাবলীর বিপরীতে নিয়োগ দাতা শর্তাবলী অনুযায়ী ঠিকাদারের পাওনা পরিশোধ করবেন।

উভয় পক্ষের সম্মতিক্রমে স্বাক্ষীগণের উপস্থিতিতে এই চুক্তিনামা সম্পাদন করা হলো:

সংগ্রাহক সত্ত্বার স্বাক্ষর ও সীল ঃ

স্বাক্ষী-১ (ঠিকানাসহ) **স্বাক্ষী -২ (ঠিকানাসহ)**

সরবরাহকারী/সরবরাহকারীর মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ও সীল ঃ

স্বাক্ষী-১ (ঠিকানাসহ) **স্বাক্ষী -২ (ঠিকানাসহ)**